

## সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ২১/০৩/২০২১ খ্রিষ্টাব্দ

### বাংলাদেশ জাতীয় জাদুঘরে ‘সূর্যসেন এখনও প্রেরণা’ শীর্ষক সেমিনার আয়োজন

বাংলাদেশ জাতীয় জাদুঘর আগামী ২২ ফেব্রুয়ারি ২০২১, সোমবার, বিকাল ৩.৩০ মিনিটে কবি সুফিয়া কামাল মিলনায়তনে ‘সূর্যসেন এখনও প্রেরণা’ শীর্ষক সেমিনার আয়োজন করেছে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন বিশিষ্ট সাংবাদিক জনাব অজয় দাশগুপ্ত। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ফরিদ আহমেদ। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। সেমিনারটি সঞ্চালনা করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি।

সেমিনারের সংবাদ সংগ্রহের জন্য আপনার বহুল প্রচারিত সংবাদ মাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

ড. শিহাব শাহরিয়ার  
কীপার, জনশিক্ষা বিভাগ  
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক

-----  
ঢাকা।